জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩৩৭৬ তারিখ: ০৪/০১/২০২৬

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপে অনলাইন আবেদন ০৫ জানুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১০ জানুয়ারি ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ স্লিপে আবেদন করতে হবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ১ম/২য়/কোটা/১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ০৭ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে রিলিজ স্লিপে আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** এর **Prospectus (Degree Pass)/Important Notice** অপশন থেকে জানা যাবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক **College Selection Option** এ গিয়ে যে কোন কলেজ **Select** করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য **(Eligible)** কোর্সে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য **(Eligible)** কোর্সের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না ও কোন ফি প্রদান করতে হবে না । ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ স্লিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	০৫/০১/২০২৬ থেকে ১০/০১/২০২৬

০৪/০১/২০২৬
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত),
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: ***degpassnu@gmail.com***

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩৩৭৬ তারিখ: ০৪/০১/২০২৬

অনুলিপি:
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। অফিস কপি।

স্বা/-
(মোঃ আবু কাওসার)
উপ-রেজিস্ট্রার (স্নাতক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ